

কাশিয়ানী উপজেলার জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা

কমিটির জুলাই-২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাব সোহাগী রহমান মুক্তা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাশিয়ানী, গোপালাগঞ্জ।

সভার তারিখঃ ১২/০৭/২০২১ খ্রিঃ সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা পরিষদ, কাশিয়ানী, গোপালাগঞ্জ।

সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর

ক্রঃনং	নাম	পদবী/ঠিকানা	কমিটিতে পদবী	স্বাক্ষর
১	জনাবা সোহাগী রহমান মুক্তা	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ	সভাপতি	
২	জনাব রথীন্দ্র নাথ বিশ্বাস	চেয়ারম্যান, সিংগা ইউপি	সদস্য	
৩	জনাব মিল্টন মিয়া	চেয়ারম্যান, রাজপাট ইউপি	সদস্য	
৪	জনাব মোঃ বদরুল আলম	চেয়ারম্যান, ওড়াকান্দি ইউপি	সদস্য	
৫	জনাব এম,এম মাহবুবুর রহমান	উপ-সহকারী প্রকৌশলী ডিপিএইচই	সদস্য সচিব	

সভার আলোচ্যসূচীঃ

১। জাতীয় স্যানিটেশন মাস উদযাপন ও পল্লী অঞ্চলের পানি সরবরাহ প্রকল্প।

২। পিডিপি-৪ প্রকল্প।

৩। বিবিধ।

সভার শুরুতে উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা মাধ্যমিক শিক্ষা

কর্মকর্তা উপরোল্লিখিত আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা শুরু করেন।


ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	সিদ্ধান্ত বাস্তবায়নকারি
১	জাতীয় স্যানিটেশন মাস উদযাপন ও পল্লী অঞ্চলের পানি সরবরাহ প্রকল্প।	আলোচনায় সদস্য সচিব জানান যে আগামী অক্টোবর মাসে জাতীয় স্যানিটেশন মাস হিসেবে অনুষ্ঠিত হবে। উক্ত মাসে বিভিন্ন ধরনের কার্যক্রমের মাধ্যমে সফল ভাবে জাতীয় স্যানিটেশন মাস উদযাপিত হবে। এ বিষয় ইউনিয়ন পর্যায়ে বিভিন্ন কার্যক্রম ইউপি চেয়ারম্যান সহ সকল স্তরের জনগণের অংশগ্রহণ নিশ্চিত করা জন্য উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপন করার প্রয়োজন। এই প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থ বছরে গভীর নলকূপের বরাদ্দ পাওয়া যায়। স্থান তালিকা অনুযায়ী নলকূপ স্থাপনের কাজ চলমান আছে। আর্সেনিকমুক্ত নিরাপদ পানি ব্যবহারের প্রয়োজনীয়তা নিয়ে আলোচনা করা হয়।	বিষয়টি মাসিক সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। স্থান তালিকা অনুযায়ী দ্রুত কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সিদ্ধান্ত বাস্তবায়নকারি জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা
২	পিডিপি-৪ প্রকল্প	পিডিপি-৪ প্রকল্পের আওতায় অত্র উপজেলার ৩৫ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সাবমারসিবল পাম্পযুক্ত গভীর নলকূপ স্থাপন কাজ চলমান রয়েছে যার ৭০ কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে।	চলমান প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিভিন্ন ইউনিয়নের	জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা

		এ ছাড়া এই প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ২০ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লকের কাজ চলমান রয়েছে। যার ৮৫ ভাগ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।	নলকূপের পানি পরীক্ষার সিদ্ধান্ত গৃহীত হয়।	
৩	বিবিধ	উপরোক্ত আলোচ্যবিষয়গুলি যাতে যথাযথ ভাবে প্রতিপালন করা হয় সেজন্য সকলের নজরদারিতা রাখা ও সহযোগিতা কামনা করা হয়।		জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা

সভার গ্রহণকৃত সুপারিশগুলো মাসিক সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।

অনুলিপি সদয় ও জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কাশিয়ানী, গোপালগঞ্জ।
- ২। উপজেলা নির্বাহী অফিস, কাশিয়ানী, গোপালগঞ্জ।
- ৩। চেয়ারম্যান.....ইউপি।
- ৪। অফিস নথি।




(সোহাগী রহমান মুক্তা)

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও

সভাপতি

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটি



(এম, এম মাহবুবুর রহমান)

জনস্বাস্থ্য প্রকৌশল কর্মকর্তা

ও

সদস্য সচিব

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ বিষয়ক উপজেলা কমিটি